গ্রাহকের নিয়ম ও শর্তাবলি

একজন গ্রাহক হিসেবে আপনি "জিও মানি অ্যাকাউন্ট" খুলতে পারেন এবং "জিও মানি সার্ভিসেস" পেতে পারেন নিম্নোক্ত নিয়ম শর্তাবলি গ্রহণের দ্বারা হয় (i) "আই এগ্রি" (আমি সম্মত) বোতাম ক্লিক করে, যা আছে www.jiomoney.com (ওয়েবসাইট)-এ কনজিউমার অ্যাপ্লিকেশন ফর্মের একেবারে শেষে অথবা (ii) ব্যক্তিগতভাবে কনজিউমার অ্যাপ্লিকেশন ফর্ম প্রয়োগ করে। আপনার এই নিয়ম ও শর্তাবলি গ্রহণ হবে শর্তহীন ও কোনো সীমা অথবা যোগ্যতা বিহীন অথবা মোবাইল অ্যাপ অথবা RPSL-এর নিয়ম ও শর্তাবলির নীচে (iii) আমি সম্মত বোতাম টিপে।

এইসঙ্গে আপনি ঘোষণা করছেন যে, যেসব তথ্য দেওয়া হয়েছে এবং/অথবা রেজিস্ট্রেশনের জন্য KYC ডকুমেন্টের স্ব-শংসয়িত কপি যা পেশ করা হয়েছে জিও মানি অ্যাকাউন্ট ও জিও মানি ওয়ালেট খোলার জন্য, তা সঠিক ও বৈধ এবং এগুলিকে RPSL-এ দেওয়া যাবে, প্রয়োজনের পরিপ্রেক্ষিতে। আপনি স্বীকৃতি ও সম্মতি দিচ্ছেন যে এখানে যেসব তথ্যপাতি দেওয়া হয়েছে সেটা RPSL দ্বারা ব্যবহার করা যেতে পারে প্রাসঙ্গিক ও প্রযোজ্য নিয়ামক ও KYC প্রয়োজনীয়তার সমস্ত ক্ষেত্র মান্য করার জন্য।

1. **সংজ্ঞা**

a. **'প্রযোজ্য আইন'** বলতে বোঝাবে যে কোনো সংবিধি, আইন, প্রবিধান, অর্ডিন্যান্স, নিয়ম, রায়, অধিসূচনা, সাধারণ আইনের নিয়ম, নির্দেশ, ডিক্রি, উপবিধি, সরকারি সম্মতি, নির্দেশনা, নির্দেশাবলি, প্রয়োজন অথবা অন্যান্য সরকারি নিষেধাজ্ঞা, অথবা একই ধরনের সিদ্ধান্ত, অথবা সিদ্ধান্ত দ্বারা, অথবা কোনো অনুবাদ, নীতি বা প্রশাসন, আইনের ফলে বাধ্য পূর্বের কোনোকিছুতে, কোনো সরকারি কর্তৃপক্ষ দ্বারা, অথবা যে বিষয়টি নিয়ে প্রশ্ন তোলা হয়েছে তার জুরিডিকশন যে নিয়ন্ত্রকের হাতে, এই নিয়ম ও শর্তাবলির তারিখ থেকেই হোক অথবা তারপর থেকে এবং এতে RBI নির্দেশিকা ও KYC নির্দেশিকা অন্তর্ভুক্ত হবে।

b. **"আবেদনকারী"** বলতে বোঝাবে আইনি ও নিরপেক্ষ ব্যক্তি যিনি জিও মানি সার্ভিসেসের জন্য আবেদন করছেন।

c. **"এজেন্ট"**/ **"ডিলার"** রেফার করছে জিও মানি সার্ভিসেস সংক্রান্ত ক্রিয়াকলাপ চালানোর জন্য RPSL দ্বারা সহায়ক কাজকর্মের জন্য নিযুক্ত এজেন্ট/ডিলারদের এবং একই উদ্দেশ্যে এই ধরনের এজেন্ট/ডিলারদের দ্বারা নিযুক্ত সাব-এজেন্টরাও এর অন্তর্ভুক্ত।

d. **"কাস্টমার"** (গ্রাহক) বোঝাবে একজন আবেদনকারীকে যিনি, সিএএফ জমা দেওয়া ও প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পূর্ণ করার পর RBI নির্দেশিকা অনুযায়ী RPSL দ্বারা যোগ্য হিসেবে বিবেচিত হন জিও মানি সার্ভিস পাওয়ার জন্য এবং জিও মানি অ্যাকাউন্ট খোলার জন্য।

e. **"কনজিউমার অ্যাপ্লিকেশন ফর্ম"** / "CAF" বলতে বোঝাবে RPSL-এর অ্যাপ্লিকেশন ফর্ম যা আবেদনকারী দ্বারা স্বাক্ষরিত ও পেশ করতে হবে সহায়ক তথ্যপাতি সহ, হয় অনলাইনে অথবা মোবাইল অ্যাপ্লিকেশন দ্বারা অথবা ব্যক্তিগতভাবে এজেন্টের অবস্থানে গিয়ে এবং/অথবা এরকম অন্যান্য স্থানে গিয়ে জিও মানি সার্ভিসেস পাওয়ার জন্য।

f. **"ফুল কেওয়াইসি অ্যাকাউন্ট"** বোঝাবে একটি জিও মানি অ্যাকাউন্ট যা প্রস্তাবিত নিয়ামক সীমা অনুযায়ী অপারেট করা হচ্ছে, যার জন্য আবেদনকারী KYC নির্দেশিকা অনুযায়ী পরিচিতির বৈধ প্রমাণপত্র, ঠিকানার প্রমাণপত্র এবং প্রাসঙ্গিক KYC বিবরণ পেশ করেছেন।

g. **"জিও মানি ওয়ালেট"** বোঝাবে সমস্ত তথ্যপাতি ধারককে যা ইস্যু করেছে আরপিএসএল অথবা গ্রাহক দ্বারা সংযোজিত অন্যান্য তথ্যপাতি। জিও মানি ওয়ালেট অ্যাকসেস করা যাবে জিও মানি মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে www.jiomoney.com-এ অথবা RPSL দ্বারা উপস্থাপিত ও সম্মত অন্যান্য যে কোনো চ্যানেলে।

h. **"জিও মানি অ্যাকাউন্ট"** বোঝাবে একটি প্রিপেড অ্যাকাউন্ট, হয় লো KYC অ্যাকাউন্ট অথবা ফুল KYC অ্যাকাউন্ট, গ্রাহকের নামে খোলা হয়েছে গ্রাহককে তাঁর মোবাইল ফোন ও অন্যান্য চ্যানেলে জিও মানি সার্ভিসেস সুলভ্য করতে, RBI নির্দেশিকা ও KYC নির্দেশিকা অনুযায়ী।

i. **"জিও মানি সার্ভিসেস"** অথবা **"সার্ভিসেস"**-এর অর্থ জিও মানি ওয়ালেট/জিও মানি অ্যাকাউন্ট অপারেশনের দ্বারা RPSL দ্বারা প্রস্তাবিত প্রিপেড এবং/অথবা অন্যান্য সার্ভিস।

j. **"কেওয়াইসি গাইডলাইন"**/"KYC" বলতে বোঝাবে নো ইয়োর কাস্টমার ("KYC") নির্দেশিকা যা স্থির করা হয়েছে নিয়ামক দ্বারা।

k. **"লো কেওয়াইসি অ্যাকাউন্ট"** বোঝাবে একটি জিও মানি অ্যাকাউন্ট যা নিয়ামক দ্বারা প্রস্তাবিত নিয়ন্ত্রিত সীমা অনুযায়ী অপারেট করা হচ্ছে এবং যার জন্য আবেদনকারী শুধুমাত্র তাঁর নাম, জন্মতারিখ ও মোবাইল নম্বর জমা দিয়েছেন RPSL নির্দেশিকা অনুযায়ী প্রাথমিক তথ্যপাতি।

l. **"মাইনর"**-এর অর্থ বোঝাবে 10 থেকে 18 বছরের কোনো ব্যক্তি।

"মোবাইল PIN/MPIN" -এর অর্থ চার অঙ্কের একটি গোপন পাসওয়ার্ড যা গ্রাহকদের সক্ষম করে তাঁদের জিও মানি অ্যাকাউন্ট অ্যাকসেস ও অপারেট করতে।

m. **"মাইনর গার্জিয়ান"** (অভিভাবক) বোঝাবে নাবালকের নিরপেক্ষ অথবা আইন নিযুক্ত অভিভাবককে।

n. **"মার্চেন্ট এস্ট্যাব্লিশমেন্ট"** (ব্যবসায়ী প্রতিষ্ঠান) বোঝাবে এবং অন্তর্ভুক্ত করবে ফিজিক্যাল মার্চেন্ট (ব্যবসায়ী), দূরতম মার্চেন্ট সহ ই-কমার্স মার্চেন্ট এবং অন্যান্য আউটলেটকে যারা RPSL দ্বারা স্বীকৃত জিও মানি ওয়ালেট এবং/অথবা জিও মানি অ্যাকাউন্টের পেমেন্ট গ্রহণ করতে।

o. "RBI **গাইডলাইন"** বোঝাবে প্রযোজ্য নির্দেশিকা, নিয়ামক, অধিসূচনা ও নির্দেশকে যা প্রিপেড ইনস্ট্রুমেন্ট প্রসঙ্গে রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া (RBI) দ্বারা ইস্যুকৃত, KYC নির্দেশিকা সহ।

p. **"পেমেন্ট ব্যাংক এনটিটি"** বোঝাবে RPSL-এর কোনো সংশ্লিষ্ট অথবা গোষ্ঠীভুক্ত সত্তাকে যাকে রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া দ্বারা পেমেন্ট ব্যাংক লাইসেন্স ইস্যু করা হবে।

q. "RPSL" বলতে বোঝাবে রিলায়েন্স পেমেন্টে সলিউশন লিমিটেড, ভারতের একটি কোম্পানি যার রেজিস্টার্ড অফিস আছে ষষ্ঠ তল, কোর্ট হাউস, লোকমান্য তিলক মার্গ, ধোবি তালাও, মুম্বাই-400 002, এইসঙ্গে এর অধিকারপ্রাপ্ত সংস্থারা।

r. **"ট্রানজাকশন"** (লেনদেন)-এর অর্থ হল জিও মানি অ্যাকাউন্টে গ্রাহক দ্বারা বা তার তরফে অন্য কারো দ্বারা যে কোনো লেনদেন।

2. **সাধারণ শর্তাবলি**

a. এতদ্বারা গ্রাহক RPSL স্বীকৃতি দিচ্ছে জিও মানি সার্ভিসেস-এর ব্যবস্থা করতে এবং জিও মানি অ্যাকাউন্ট খুলতে ও রক্ষণাবেক্ষণ করতে। সার্ভিসের ব্যবস্থার মেয়াদ চলাকালীন গ্রাহকের অতি অবশ্যই সচল মোবাইল ফোন সংযোগ থাকতে হবে। মোবাইল ফোন সংযোগের কোনো পরিবর্তন, বাতিল, বর্জন অথবা সমর্পণ করার ক্ষেত্রে গ্রাহককে সঙ্গে সঙ্গে RPSL-কে জানাতে হবে লিখিতভাবে। গ্রাহকের স্থায়ী অথবা/এবং যোগাযোগের ঠিকানা এবং/অথবা KYC সহায়ক তথ্যপাতির অন্যান্য প্রাসঙ্গিক বিবরণে কোনো পরিবর্তন ঘটলে গ্রাহককে তৎক্ষণাৎ জানাতে হবে RPSL-কে যা RPSL-এর প্রয়োজন পড়তে পারে নির্দিষ্ট সময়ান্তর।

b. গ্রাহক নিশ্চিত করবেন যে গ্রাহক অন্য কোনো জিও মানি অ্যাকাউন্ট ধারণ করছেন না।

c. গ্রাহক নিশ্চিত করবেন যে গ্রাহক হলেন দৃঢ় মনের অধিকারী।

d. গ্রাহক জিও মানি সার্ভিসেসকে এমন কোনো উদ্দেশ্যে ব্যবহার করবেন না যা কোনো প্রযোজ্য আইন, সরকারি নীতির বিরোধী বা বিপরীত, অথবা এমন কোনো উদ্দেশ্য যা RPSL নীতির বিরোধী অথবা যার ফলে RPSL-এর সুনাম হানি হতে পারে।

e. RPSL ইস্যু ও অপারেট করবে জিও মানি ওয়ালেট ও জিও মানি অ্যাকাউন্ট এবং জিও মানি সার্ভিসেসের ব্যবস্থা করবে এই নিয়ম ও শর্তাবলি ও প্রযোজ্য আইনের সঙ্গে সংগতি রেখে।

f. প্রযোজ্য আইন অনুযায়ী লো KYC অ্যাকাউন্ট প্রয়োজনীয়তার সফল সমাপ্তির পর জিও মানি সার্ভিসেসের সম্পর্কিত সবকিছু গ্রাহককে প্রোভাইড করা হবে লো KYC অ্যাকাউন্টে এবং প্রযোজ্য আইন দ্বারা প্রস্তাবিত সীমা ও নিষেধের মধ্যে। ফুল KYC অ্যাকাউন্ট প্রয়োজনীয়তার সফল সমাপ্তি ও পরখের পর গ্রাহক সক্ষম হবেন জিও মানি সার্ভিসেস ব্যবহার করতে যা ফুল KYC অ্যাকাউন্টের সঙ্গে জড়িত।

g. মাইনরকে RPSL দ্বারা একমাত্র লো KYC অ্যাকাউন্ট প্রস্তাব করা হবে। প্রাপ্তবয়স্ক হওয়ার পর, মাইনর প্রয়োজনীয় তথ্য/ডকুমেন্ট পেশ করবে যা RPSL দ্বারা প্রয়োজনীয় হতে পারে আনুষ্ঠানিকতা সম্পূর্ণ করার জন্য এবং জিও মানি সার্ভিসেস ধারাবাহিক রাখার জন্য।

h. যে কোনো ডিলারের অবস্থান থেকে জিও মানি সার্ভিসেস পাওয়ার জন্য গ্রাহককে শুধু RPSL দ্বারা নিযুক্ত স্বীকৃত খুচরো ডিলারদের কাছে এবং যাদের দোকানে জিও মানি সার্ভিসেসের উপযুক্ত ব্র্যান্ড লোগো ডিসপ্লে করা আছে তাদের কাছে আবেদন করতে হবে।

i. এসব নিয়ম ও শর্তাবলির মেয়াদ চলাকালীন গ্রাহক হলেন RPSL দ্বারা ইস্যুকৃত মোবাইল PIN এবং/ কোড/ অথবা পাসওয়ার্ড/ কার্ড PIN (এখানে প্রতিটিই বলা হচ্ছে ‘অথেনটিকেশন PIN’ হিসেবে) একক ও একমাত্র মালিক। অথেনটিকেশন PIN-এর ব্যবহার, গোপনতা ও প্রতিরক্ষার একক দায়িত্ব গ্রহণ করবেন গ্রাহক। গ্রাহক অন্য কোনো ব্যক্তির কাছে অথেনটিকেশন PIN প্রকাশ করবেন না এবং অথেনটিকেশন PIN চেয়ে কোনো অস্বীকৃত এসএমএস/ ই-মেল/ ফোন কলের উত্তর দেবেন না। ঘটনা যাই হোক না কেন, কোনোভাবেই RPSL দায়ী অথবা দায়বদ্ধ হবে না যদি অথেনটিকেশন PIN গ্রাহক অন্য কোনো অস্বীকৃত ব্যক্তির কাছে প্রকাশ বা শেয়ার করার জন্য গ্রাহকের ক্ষতি হয় অথবা অন্য কোনোভাবে যাতে অথেনটিকেশন PIN-এর গোপনতা আপস করা হয়েছে তার জন্য যদি ক্ষতি হয়। জিও মানি অ্যাকাউন্ট ও জিও মানি ওয়ালেট-এ সমস্ত ক্রিয়াকলাপের জন্য একমাত্র গ্রাহক দায়ী হবেন, সেটা গ্রাহক দ্বারা স্বীকৃতিপ্রাপ্ত হোক বা না হোক।

j. গ্রাহক মেনে নিচ্ছেন ও সম্মতি দিচ্ছেন যে জিও মানি অ্যাকাউন্ট ও সার্ভিস হস্তান্তর অযোগ্য।

k. জিও মানি অ্যাকাউন্টে কোনো লেনদেনের আগে পর্যাপ্ত ফান্ডের (এবিষয়ে সার্ভিস চার্জ সহ, যদি থাকে) লভ্যতা গ্রাহককে নিশ্চিত করতে হবে। অথেনটিকেশন PIN প্রোভাইড করে লেনদেন ও নির্দেশ প্রক্রিয়াকরণের জন্য RPSL-কে কর্তৃত্ব দেওয়ার ক্ষেত্রে অনুমতি প্রদান করে গ্রাহক, জিও মানি অ্যাকাউন্টে ফান্ড হ্রাস হওয়ার ফলে গ্রাহককে পরিষেবা দিতে কোনো অসম্মতির জন্য RPSL দায়ী থাকবে না।

l. মোবাইল ফোন কানেকশনের কোনো ক্ষতি, এবং/ অথবা মোবাইল/মোবাইল ফোন কানেকশন চুরির ক্ষেত্রে গ্রাহককে তৎক্ষণাৎ জানাতে হবে কাস্টমার কল সেন্টারে ওয়েবসাইতে তালিকাভুক্ত নম্বর অনুযায়ী অথবা অভিযোগ নথিভুক্ত করতে হবে লিখিত বা ইমেলে অথবা অনলাইনে লভ্য ফর্মের মাধ্যমে মোবাইলে অ্যাপে অথবা কোনো ডিলারের মাধ্যমে অভিযোগ নথিভুক্তির জন্য। এই অভিযোগ গ্রহণের পর, কোনো বকেয়া বা ভবিষ্যৎ ট্রানজাকশন ব্লক করে দেবে RPSL। RPSL গ্রাহকের থেকে এই অভিযোগ গ্রহণের আগে জিও মানি অ্যাকাউন্টে অস্বীকৃত কোনো ট্রানজাকশনের প্রক্রিয়ার জন্য RPSL দায়ী থাকবে না।

m. জিও মানি সার্ভিসেস ব্যবহার করাকালীন গ্রাহকের পেশ করা যে কোনো তথ্য RPSL দ্বারা তৃতীয় পক্ষের সঙ্গে শেয়ার করা হতে পারে, অন্যান্য সবকিছুর মধ্যে (inter-alia), জিও মানি সার্ভিসেসের ব্যবস্থা ছড়িয়ে দিতে। গ্রাহক স্বীকৃতি দেয় যে জিও মানি অ্যাকাউন্টের নিরাপত্তার উদ্দেশ্যে যে কোনো তথ্য যা RPSL-কে দেওয়া হয়েছে তা RPSL-এর দায়িত্বে আছে এবং RPSL এটা ব্যবহার করতে পারে, তার অধিকারে, যে কোনো প্রযোজ্য আইন সম্পর্কিত উদ্দেশ্যে।

3. **অতিরিক্ত শর্তাবলি**

a. কোনো গ্রাহকের নামে একটির বেশি ওয়ালেট থাকবে না। জিও মানি অ্যাকাউন্ট ব্যবহার করতে হবে একমাত্র ভারতীয় মুদ্রা লেনদেনের জন্য এবং কোনো বিদেশি মুদ্রার ক্ষেত্রে নয়। জিও মানি অ্যাকাউন্ট থেকে কোনো নগদ পুনরুদ্ধার বা নগদ উইথড্রয়ালের অনুমতি দেওয়া হয়নি।

b. এখানে অনুল্লেখিত কোনো ওয়ারেন্টি, গ্যারান্টি, প্রতিনিধিত্ব অথবা আন্ডারটেকিং যা সার্ভিসেসের সঙ্গে সম্পর্কিত সে প্রসঙ্গে কোনো ইচ্ছাপ্রকাশ অথবা এগুলি প্রয়োগ করে না RPSL। ডিস্ট্রিবিউটর/ রিটেলার/ ব্যবসায় প্রতিষ্ঠান প্রভৃতি সহ কোনো তৃতীয় পক্ষের জন্য ক্রিয়াকলাপ বা তাকে বর্জনের জন্য দায়ী নয় RPSL, সেইসব সার্ভিস সংক্রান্ত যেগুলির RPSL দ্বারা সম্মতি প্রকাশ করা হয়নি।

c. গ্রাহকের প্রতি বা অন্য কোনো ব্যক্তির প্রতি RPSL দায়ী থাকবে না যদি গ্রাহক দ্বারা কোনো অশুদ্ধ তথ্য প্রদান করা হয় RPSL-কে জিও মানি সার্ভিসেস-এর ক্ষেত্রে, কোনো বিলম্ব, ব্যবসা, লাভ, রাজস্ব বা সুনাম, অনুমানকৃত সঞ্চয়, ত্রুটি, মাশুলের মূল্য, খরচ প্রভৃতিতে ক্ষতি অথবা পরোক্ষ বা আনুষঙ্গিক ক্ষতি, যাই উদ্ভব হোক না কেন, জিও মানি সার্ভিসেস বা অন্য কোনো ভাবে ব্যবহার/অলভ্যতার জন্য।

d. মার্চেন্ট এস্ট্যাব্লিশমেন্ট (ব্যবসা প্রতিষ্ঠান) এবং/অথবা ডিলারের অবস্থানে যে লেনদেন হয়েছে, তাতে গ্রাহকের সন্তুষ্টির দায়িত্ব তাঁর নিজের যে লেনদেন সফলভাবে সমাপ্ত হয়েছে এই নোটিফিকেশন পাওয়া গেছে। RPSL চেষ্টা করবে লেনদেনের ব্যাপারে গ্রাহককে জানাতে, যদিও নোটিফিকেশন গ্রাহকের কাছে না পৌঁছলে RPSL দায়ী নয়। কোনো ব্যবসা প্রতিষ্ঠানকে গ্রাহক দ্বারা ভুল করে কোনো অর্থ ট্রান্সফার করলে এটি কোনো অবস্থাতেই RPSL দ্বারা গ্রাহককে ফেরত দেওয়া হবে না। জিও মানি অ্যাকাউন্টে কোনো অস্বীকৃত লেনদেনের ক্ষেত্রে RPSL দায়ী থাকবে না। কোনো বিতর্কের ক্ষেত্রে, লেনদেন সম্পর্কিত RPSL রেকর্ড সবাইকে মেনে চলতে হবে এবং তাতেই আস্থা রাখতে হবে গ্রাহক ও ব্যবসা প্রতিষ্ঠানকে।

e. কোনো ব্যবসা প্রতিষ্ঠান থেকে গ্রাহক যদি কোনো প্রডাক্ট বা সার্ভিস কিনে থাকেন এবং লেনদেন সংক্রান্ত ব্যাপারে সেটি যদি ব্যবহার করেন কোনো মাশুল, কর বা অন্যান্য শুল্কের বিনিময়ে সেক্ষেত্রে কোনোভাবেই RPSL দায়ী থাকবে না। গ্রাহকের প্রতি একমাত্র দায়িত্ব সেই ব্যবসা প্রতিষ্ঠানটির (i) ব্যবসা প্রতিষ্ঠান দ্বারা যেসব প্রডাক্ট বা সার্ভিস প্রস্তাব করা হয়েছে তার সমস্ত তথ্যের ক্ষেত্রে, (ii) উল্লেখিত প্রডাক্ট বা সার্ভিসের ক্ষেত্রে যা ব্যবসা প্রতিষ্ঠানটি প্রস্তাব করেছে, (iii) উল্লেখিত প্রডাক্ট বা সার্ভিসের জোগান ও বিক্রি এবং (iv) ব্যবসা প্রতিষ্ঠান দ্বারা প্রচারমূলক প্রস্তাব ও প্রকল্প সহ কুপন উপস্থাপন। জিও মানি অ্যাকাউন্ট ব্যবহার করার জন্য ব্যবসা প্রতিষ্ঠান থেকে গ্রাহক দ্বারা কোনো প্রডাক্ট বা সার্ভিস ক্রয়/লভ্যতার ক্ষেত্রে RPSL কোনোরকম প্রচার, উৎসাহ, চ্যাম্পিয়ন অথবা নিশ্চয়তা দেয় না কোনো মাল/ পণ্য এবং/ অথবা সার্ভিসের জন্য।

f. RPSL অন্যান্য ওয়েবসাইটের লিঙ্ক প্রোভাইড করবে যেগুলি তৃতীয় পক্ষ দ্বারা রক্ষণাবেক্ষণ করা হয়। এই লিঙ্কগুলি শুধুমাত্র গ্রাহকের সুবিধার জন্য দেওয়া হচ্ছে এবং এই লিঙ্কগুলির ব্যবস্থা এটা বোঝায় না যে RPSL তাদের ওয়েবসাইট বা তারা যে প্রডাক্ট ও সার্ভিস দিচ্ছে তার প্রচার করছে। তৃতীয় পক্ষের এরকম ওয়েবসাইটে যেসব তথ্য/ সূচি অথবা কোনো প্রডাক্ট/ সার্ভিস লভ্য সেগুলি সম্পর্কে RPSL দায়ী নয় এটা গ্রাহক স্বীকৃতি দেবেন ও মেনে নেবেন। এই ধরনের পরিষেবা ব্যবহার করার আগে গ্রাহকদের উচিত নিজস্ব উপযুক্ত-অধ্যয়ন করা।

g. যে কোনো ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো অভিযোগ বা তার সঙ্গে কোনো বিতর্ক ওই ব্যবসা প্রতিষ্ঠানের সঙ্গে গ্রাহককে নিজ দায়িত্বে নিষ্পত্তি করতে হবে। এটা স্পষ্ট করা হচ্ছে যে জিও মানি অ্যাকাউন্ট ব্যবহার করতে গ্রাহক দ্বারা ক্রীত কোনো পণ্য এবং/ অথবা কোনো সার্ভিসে ত্রুটি হলে RPSL দায়ী থাকবে না। ব্যবসা প্রতিষ্ঠানগুলির প্রচারমূলক প্রকল্পের অধীনে RPSL দ্বারা যেসব পণ্য এবং/অথবা সেবা লভ্য তাতেও এই দায়িত্ব বর্জন প্রযোজ্য হবে। গ্রাহককে পরামর্শ দেওয়া হচ্ছে কোনো পণ্য এবং/অথবা সার্ভিস কেনার আগে তার গুণমান, পরিমাণ ও ফিটনেস সম্পর্কে সন্তুষ্ট হয়ে নিতে। RPSL-এর কোনো প্রচারমূলক প্রকল্প অনুসারে RPSL দ্বারা সম্প্রসারিত ইনসেনটিভ এবং অন্যান্য সুবিধা প্রযোজ্য আইন সাপেক্ষ।

h. RPSL-এর কোনো প্রচারমূলক প্রকল্পের প্রেক্ষিতে RPSL দ্বারা যেসব ইনসেনটিভ ও অন্যান্য সুবিধা সম্প্রসারিত হবে তা প্রযোজ্য আইন সাপেক্ষে হবে।

i. গ্রাহক স্পষ্টভাবে রাজি ও সায় দেবেন যে RPSL গ্রাহক উপাত্ত ও KYC ডকুমেন্ট শেয়ার করতে পারবে যা RPSL দ্বারা সংগৃহীত, RPSL-এর গ্রুপ কোম্পানি ও এর সঙ্গে সংশ্লিষ্ট সবার সঙ্গে যার অন্তর্গত পেমেন্ট ব্যাংক এনটিটি। উপরন্তু, গ্রাহক নিশ্চিতি প্রদান করবেন যে তাঁর কোনো আপত্তি নেই এবং এতদ্বারা RPSL-কে কর্তৃত্ব দিচ্ছেন এই গ্রাহক উপাত্ত শেয়ার করতে পরিচিতি ও ঠিকানার শংসয়িত প্রমাণপত্র নিজস্ব ইচ্ছানুসারে যা RPSL-কে দেওয়া হয়েছিল, সেগুলি RPSL-এর গ্রুপ কোম্পানি ও এর সঙ্গে সংশ্লিষ্ট সবার সঙ্গে এবং এই তথ্যপাতি ব্যবহার করা যেতে পারে এই ধরনের এনটিটিগুলির সঙ্গে তাদের KYC মান্য প্রয়োজনীয়তার (পেমেন্ট ব্যাংক এনটিটি দ্বারা কোনো ব্যাংক অ্যাকাউন্ট খোলার সংযোগ সহ) ক্ষেত্রে।

j. এতদ্বারা গ্রাহক স্বীকৃতি দেবেন যে গ্রাহক কোনো বাণিজ্যিক উদ্দেশ্যে সার্ভিসের কোনো অংশ পুনরুৎপাদন, বিক্রি, পুনর্বিক্রি, জাল ও কপি করবেন না।

4. **সংরক্ষণ**

a. সঠিক ও আপডেটেড গ্রাহক তথ্য সংগ্রহ, পরখ, অডিট ও রক্ষণাবেক্ষণ একটি ধারাবাহিক প্রক্রিয়া এবং RPSL-এর সেই অধিকার আছে, যে কোনো সময়ে, প্রাসঙ্গিক ও প্রযোজ্য KYC নির্দেশিকায় মান্য করার ক্ষেত্রে নিশ্চিত করতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের।

b. CAF এবং গ্রাহকের কোনো তথ্যপাতি বাতিল করার নিজস্ব দায়িত্বে অধিকার আছে RPSL-এর। এই ধরনের CAF ও তথ্যপাতি ও ফোটোগ্রাফ যা এর সঙ্গে পেশ করা হয়েছিল সেগুলি যথাপূর্বক রাখার অধিকার আছে RPSL-এর।

c. যে কোনো সময়ে সার্ভিস কর্তন এবং/ অথবা বাতিল করার একক অধিকার আছে RPSL-এর, যদি গ্রাহক যে তথ্য দিয়েছেন তাতে কোনো ইচ্ছাকৃত ত্রুটি খুঁজে পাওয়া যায় এবং গ্রাহক দ্বারা যে বিবরণ দেওয়া হয়েছে KYC ডকুমেন্টে তা যদি CAF-এর উল্লেখিত বিবরণের সঙ্গে না মেলে। এরকম ক্ষেত্রে, RPSL-এর অধিকার আছে যেটি উপযুক্ত এবং মানানসই হবে সেই পদক্ষেপ গ্রহণ করার।

d. যে কোনো সময়ে, গ্রাহককে কোনো পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই, যে কোনো কারণে জিও মানি সার্ভিসেস সাসপেন্ড অথবা কর্তন অথবা জিও মানি অ্যাকাউন্ট বন্ধ করার অধিকার আছে RPSL-এর, এই কারণগুলির মধ্যে রয়েছে, কিন্তু এতেই সীমিত নয় : (ক) যে কোনো নিয়ম, নিয়ামক, নির্দেশ, আদেশ, RPSL দ্বারা ইস্যুকৃত অধিসূচনার গ্রাহক দ্বারা মাঝে মাঝে সন্দেহজনক লঙ্ঘন অথবা যে কোনো প্রযোজ্য আইনের নিয়ম ও শর্তাবলি লঙ্ঘন ; (খ) বিবরণে কোনো ফারাক বা সন্দেহজনক ফারাক অথবা KYC ডকুমেন্টেশন অথবা গ্রাহক দ্বারা উপস্থাপিত CAF অথবা এটাই যা RPSL-এর কাছে অসন্তোষজনক ; (গ) সম্ভাব্য প্রতারণা, অন্তর্ঘাত, ইচ্ছাকৃত ধ্বংস, জাতীয় সুরক্ষায় হুমকি অথবা অন্য কোনো বাহিনী বিরোধী কারণ (আরও নির্দিষ্ট করে বলা হয়েছে ধারা 10-এ) প্রভৃতি ; (ঘ) টেকনিক্যাল ব্যর্থতা, আধুনিকীকরণ, উন্নতিকরণ, বৈচিত্র্য, আবণ্টন, সংস্কার, রক্ষণাবেক্ষণ এবং/অথবা যে কোনো ট্রান্সমিশন ঘাটতি ; (ঙ) যদি টেলিকম সার্ভিস প্রোভাইডার কানেকশন, যার সঙ্গে গ্রাহকের জিও মানি অ্যাকাউন্ট লিঙ্ক করা আছে, অপারেট করার ক্ষেত্রে সিজ করা হয় অথবা গ্রাহকের দখল বা নিয়ন্ত্রণ থেকে সিজ করা হয় যে কোনো কারণেই হোক না কেন ; এবং/অথবা (চ) RPSL দ্বারা বাধ্যতামূলক শর্তগুলিতে গ্রাহকের অযোগ্যতা। যদিও জিও মানি সার্ভিসেসের এই ধরনের সাসপেনশন/কর্তনের আগে, গ্রাহক, RPSL-এর একক ক্ষমতায় এবং প্রযোজ্য আইন সাপেক্ষে, তাঁর জিও মানি অ্যাকাউন্টের ব্যালান্স ট্রান্সফার এবং/ অথবা ব্যবহারে সক্ষম হবেন।

e. লেনদেনের কোনো ঘটনায় যা প্রতারণাপূর্ণ, সন্দেহজনক অথবা অনাকাঙ্ক্ষিত হতে পারে, RPSL-এর এই অধিকার আছে এই ধরনের জিও মানি অ্যাকাউন্টের অপারেশন ফ্রিজ করার/জিও মানি অ্যাকাউন্ট বন্ধ করার পাশাপাশি প্রয়োজনমতো কর্তৃপক্ষকে রিপোর্ট করার এবং যা RPSL দ্বারা উপযুক্ত ও মানানসই মনে হবে।

f. যে কোনো নেটওয়ার্ক ব্যর্থতার ক্ষেত্রে কোনো লেনদেন বাতিল করার অধিকার আছে RPSL-এর। এরকম ক্ষেত্রে অথবা অন্য কোনো কারণে যা RPSL-এর নিয়ন্ত্রণের বাইরে, এর ফলে লেনদেনে বিলম্ব অথবা এটি সম্পূর্ণ হতে ব্যর্থ হতে পারে, এবং এই ধরনের বিলম্ব অথবা ব্যর্থতার ক্ষেত্রে কোনো ক্ষতি হলে তার জন্য RPSL দায়ী নয়। RPSL ব্যবস্থা করে ওয়েবসাইট অথবা মোবাইল অ্যাপ এবং সংশ্লিষ্ট টেকনোলজি ও সার্ভিসের ‘অ্যাজ ইজ’ (যেমন আছে), ‘হোয়ার ইজ’ (যেখানে), ‘উইদ অল ফল্টস’ (সমস্ত ত্রুটি সহ) ভিত্তিতে এবং কখনোই নিশ্চিতি প্রদান করে না যে এই ওয়েবসাইট অথবা মোবাইল অ্যাপ অথবা এর কোনো সফটওয়্যার হবে সবসময় বিঘ্নহীন, ত্রুটিমুক্ত, অ্যাকসেস যোগ্য অথবা অপারেশন যোগ্য এবং কোনো ত্রুটি সংশোধন করা হবে। এইসঙ্গে RPSL এই নিশ্চিতিও প্রদান করে না যে কোনো লিঙ্ক যা অ্যাকসেস যোগ্য অথবা কোনো ওয়েবসাইট অথবা মোবাইলের মাধ্যমে ডাউনলোডের জন্য লভ্য কোনো ফাইল হবে ভাইরাস মুক্ত অথবা যেসব কোড ক্ষতি করতে পারে সেসব মুক্ত।

g. প্রযোজ্য আইন সাপেক্ষে, যদি জিও মানি অ্যাকাউন্টে ‘NIL’ (শূন্য) ব্যালান্স হয়, গ্রাহক RPSL-কে অনুরোধ করতে পারে এরকম জিও মানি অ্যাকাউন্ট বন্ধ করার জন্য। যদিও এটা স্পষ্ট করে বলা হচ্ছে যে এজন্য কোনো পরিমাণ জিও মানি অ্যাকাউন্ট থেকে গ্রাহককে উইথড্র, পুনরুদ্ধার অথবা ফেরত দেওয়া যাবে না, যতক্ষণ না প্রযোজ্য আইন দ্বারা সম্মতি দেওয়া হচ্ছে।

5. **বিশেষ পরিষেবা**

a) গ্রাহক সম্মতি দিচ্ছেন যে RPSL ব্যবস্থা করবে বিভিন্ন বাস অপারেটর/হোটেল/ট্রেনের টিকিট/সার্ভিস/প্রডাক্ট বুকিং/ক্রয় (বুকিং)-এর জন্য সুবিধা অথবা অন্য কোনো সার্ভিস যা RPSL দ্বারা লভ্য জিও মানি ওয়ালেটে (‘Special Services’) তৃতীয় পক্ষের মাধ্যমে একমাত্র গহকের সুবিধার্থে এবং এসম্পর্কিত কোনো বিষয়ে RPSL দায়ী বা দায়িত্বপ্রাপ্ত নয়।

b) গ্রাহক সম্মতি দিচ্ছেন যে এই ধরনের কোনো বিশেষ পরিষেবা নিজে থেকে পরিচালনায় ব্যবস্থা/ উৎপাদন করে না RPSL এবং এই ধরনের স্পেশাল সার্ভিস প্রোভাইডরের এজেন্ট নয়।

c) গ্রাহক সম্মতি দিচ্ছেন যে তিনি বিশেষ পরিষেবা ব্যবহার করবেন নিজস্ব দায়িত্ব, ঝুঁকি এবং তিনিই একমাত্র দায়ী ও দায়িত্বপ্রাপ্ত থাকবেন স্পেশাল সার্ভিস প্রোভাইডরের কোনো লেনদেনের জন্য। গ্রাহক সম্মত হয়েছেন যে বিশেষ পরিষেবা নেওয়া/বুক করা সম্পর্কিত কোনো ব্যাপারে RPSL দায়ী নয় এজন্য গ্রাহকের কোনো বিলম্ব, বাতিল, অপারেটর বা তাদের মালিকের ব্যবহারগত ইস্যু, মালপত্র হারানো বা অন্য কোনো ক্ষতি বা আঘাত, বিঘ্ন বা নষ্ট-এর জন্য RPSL দায়ী নয়। এজন্য কোনো দাবি/দায়/ক্ষতি/মামলা থেকে RPSL-কে ছাড় দেওয়ার ক্ষেত্রে গ্রাহক সম্মতি জানাচ্ছে।

d) যে কোনো বিশেষ পরিষেবা বাতিলকরণ মাশুল সহ এবং স্পেশাল সার্ভিস প্রোভাইডর/ অপারেটরের সঙ্গে প্রত্যক্ষভাবে যোগাযোগ রয়েছে এমন কোনো বিতর্কের নিষ্পত্তিতে যে কোনো স্পেশাল সার্ভিস নেওয়ার জন্য স্পেশাল সার্ভিস প্রোভাইডর/ অপারেটর/তৃতীয় পক্ষের সার্ভিস প্রোভাইডরের নিয়মাবলি/ নীতিমালা মানতে বাধ্য গ্রাহক।

e) গ্রাহক সম্মতি দিচ্ছে যে ব্যবসা প্রতিষ্ঠান যে কোনো প্রকল্প/ডিসকাউন্ট কুপন/কুপন গ্রাহকের জন্য ব্যবস্থা/ ঘোষণা করতে পারে। এই ধরনের প্রকল্প/ডিসকাউন্ট কুপন/কুপন গ্রাহক নেবেন নিজস্ব বিবেচনা ও দায়িত্বে এবং প্রকল্প/ডিসকাউন্ট কুপন/কুপন সম্পর্কিত কারণে গ্রাহকের কোনো ক্ষতি, খরচ, ক্ষতিপূরণ, মামলা, নষ্ট প্রভৃতির জন্য RPSL দায়ী থাকবে না। গ্রাহক সম্মতি প্রদান করছে যে এই ধরনের প্রকল্প/ডিসকাউন্ট কুপন/কুপনের পুনরুদ্ধার/ব্যবহার হবে উল্লেখিত ব্যবসা প্রতিষ্ঠানের নিয়ম ও শর্তাবলি সাপেক্ষে।

f) গ্রাহক একবার উল্লেখিত ব্যবসা প্রতিষ্ঠানের সঙ্গে লেনদেন শুরু করার পর গ্রাহক RPSL-কে পূর্ণ কর্তৃত্ব ও সায় দেয় ব্যবসা প্রতিষ্ঠানের সঙ্গে জিও মানি অ্যাকাউন্ট ব্যালান্স শেয়ার করার।

g) RPSL প্রকল্প ও গ্রাহকের প্রস্তাব (“offer”) নিজস্ব দায়িত্বে নির্দিষ্ট সময়ান্তর ঘোষণা করতে পারে যা প্রস্তাবের নিয়মাবলি সাপেক্ষে হবে। RPSL-এর একক অধিকার আছে গ্রাহককে অন্যান্য সুবিধা নাকচ করার যদি RPSL-এর দৃষ্টিতে দেখা যায় যে লেনদেন প্রতারণাপূর্ণ, সন্দেহজনক অথবা অপব্যবহৃত হয়েছে।

6. **মাশুল (চার্জ)**

জিও মানি মোবাইল অ্যাপ সহ জিও মানি অ্যাকাউন্ট ব্যবহার ও অপারেটে RPSL দ্বারা প্রস্তাবিত সার্ভিস চার্জ পেমেন্ট সাপেক্ষ যা নির্দিষ্ট সময়ান্তর দেওয়া হয় ওয়েবসাইটে (www.jiomoney.com)। এই মাশুল প্রযোজ্য কর, শুল্ক, সেস থেকে সম্পূর্ণ আলাদা। শর্তহীনভাবে ও অপ্রত্যাহৃতভাবে গ্রাহক RPSL-কে স্বীকৃতি দেয় গ্রাহকের জিও মানি অ্যাকাউন্ট নির্দিষ্ট সময়ান্তর ডেবিট করতে সম পরিমাণ ফি ও চার্জ সহ যা প্রযোজ্য জিও মানি অ্যাকাউন্ট ইস্যু ও ব্যবহার করতে RPSL দ্বারা যখন এবং যেমন দরকার।

7. **সীমা**

গ্রাহকের জিও মানি অ্যাকাউন্ট অপারেটের জন্য লেনদেন এবং লেনদেনের সীমা স্থির করা হবে RPSL-এর একক দায়িত্বে প্রযোজ্য আইন অনুসারে যা নির্দিষ্ট সময়ান্তর পরিমার্জিত। এই ধরনের লেনদেন এবং লেনদেনের সীমা গ্রাহককে জানানো হবে ওয়েবসাইটে (www.jiomoney.com) পোস্টিং দ্বারা।

8. **নিরাপত্তা**

গ্রাহক দায়বদ্ধ থাকবে RPSL-এর প্রতি ক্ষতি, খরচা অথবা নষ্টের জন্য এবং ক্ষতি এড়ানোর ব্যবস্থা, প্রতিরক্ষা ও ক্ষতিহীন RPSL-কে সম্মতি দেবে, এবং/অথবা ডিলার ক্ষতিহীন যে কোনো দাবি, ক্ষতি, নষ্ট, দায়, মূল্য ও খরচ থেকে, এইসঙ্গে এবং আইনি ফি-র সীমাহীন খরচে যা জিও মানি সার্ভিস ব্যবহার বা অপব্যবহারের ফলে উদ্ভূত, এই নিয়ম ও শর্তাবলি লঙ্ঘন করলে অথবা কোনো প্রতিনিধিত্ব, ওয়ারেন্টি ও চুক্তিনামা গ্রাহক দ্বারা ভঙ্গ হলে। গ্রাহকের পক্ষ থেকে সঠিক স্থায়ী অথবা যোগাযোগের ঠিকানা এবং/অথবা উল্লেখিত স্থায়ী বা যোগাযোগ ঠিকানায় কোনো পরিবর্তন ঘটলে তা জানাতে ব্যর্থ হওয়ার জন্য RPSL-এর যদি কোনো ক্ষতি এবং কোনো প্রতারণা অথবা কোনো ড্যামেজ হয় সেক্ষেত্রে গ্রাহক এর বিরুদ্ধে RPSL-কে গ্রাহক নিরাপত্তা দেবে।

9. **নিয়মাবলির পরিবর্তন**

এখানে নিয়ম ও শর্তাবলি প্রযোজ্য আইন সাপেক্ষে। এ ছাড়া, RPSL পরিবর্তন, পরিমার্জন অথবা সংশোধন করতে পারে এই নিয়ম ও শর্তাবলিকে নির্দিষ্ট সময়ান্তর এবং এটাই আপডেট করে RPSL দ্বারা এর ওয়েবসাইটে (www.jiomoney.com) ডিসপ্লে করা হতে পারে। আশা করা হচ্ছে নিয়ম ও শর্তাবলির এই পরিমার্জনের সঙ্গে গ্রাহক নিজেকে আপডেট করবেন। নিয়ম ও শর্তাবলির এই পরিমার্জনের পর কোনো লেনদেন হলে ধরে নিতে হবে পরিমার্জিত নিয়ম ও শর্তাবলি গ্রাহক গ্রহণ করেছেন। অভ্যন্তরীণ নীতি অথবা প্রযোজ্য আইনের কোনো পরিবর্তনের জন্য কোনো পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই যে কোনো সময়ে জিও মানি সার্ভিসেস পরিমার্জন, বর্জন এবং/অথবা সাসপেন্ড করতে পারে RPSL।

10. **মালিকানা ও মালিকানা সংক্রান্ত অধিকার**

গ্রাহক সম্মতি দেয় যে তাঁর কোনো দাবি/ অধিকার থাকবে না জিও মানি অ্যাকাউন্ট ও সার্ভিসের যোগাযোগে উদ্ভূত যে কোনো প্রকৃতির বৌদ্ধিক প্রপার্টি অধিকারের ক্ষেত্রে। এইসঙ্গে গ্রাহক এটাও মেনে নিচ্ছেন যে তিনি কখনো মোবাইল অ্যাপ্লিকেশনের সফটওয়্যার বদল, নষ্ট, ডিসঅ্যাসেম্বল, পরিমার্জন, পরিবর্তন, অনুবাদ অথবা প্রডাক্ট ভিত্তিক কোনো পার্থক্য সৃষ্টির চেষ্টা করবেন না। গ্রাহক এটা বুঝতে পেরেছেন যে ইউজার ইন্টারফেস, গ্রাফিক্স, লোগো, ডিজাইন, মেলবন্ধন, তথ্য, প্রডাক্ট, সার্ভিস, সফটওয়্যার এবং জিও মানি সার্ভিসের অন্যান্য সমস্ত উপকরণ সুরক্ষিত কপিরাইট ডিজাইন, পেটেন্ট ও ট্রেডমার্ক আইন এবং অন্যান্য বৌদ্ধিক প্রপার্টি অথবা মালিকানার অধিকার হয় RPSL অথবা এর সংশ্লিষ্ট পক্ষ দ্বারা সুরক্ষিত।

11. **ফোর্স মেজেউর**

গ্রাহককে ফোর্স মেজেউর ইভেন্টের অস্তিত্ব সম্পর্কে জানাবে RPSL এবং এবিষয়ে গ্রাহককে উপযুক্ত সমাধানে নিযুক্ত করতে সমস্ত যৌক্তিক পদক্ষেপ গ্রহণ করবে।

"Force Majeure Event"-এর অর্থ এমন কোনো কারণে এমন ঘটনা যা RPSL এবং/ অথবা এর সঙ্গী ব্যাংক-এর যুক্তিগ্রাহ্য নিয়ন্ত্রণের বাইরে, এর অন্তর্গত সীমাহীন, কোনো যোগাযোগ ব্যবস্থার অলভ্যতা, পেমেন্ট মেকানিজমে বিশ্বাসভঙ্গ অথবা প্রসেসে ভাইরাস, অন্তর্ঘাত, আগুন, বন্যা, বিস্ফোরণ, ঈশ্বরের হাত, নাগরিক আন্দোলন, বন্ধ অথবা যে কোনো শিল্পগত আন্দোলন, দাঙ্গা, বিদ্রোহ, যুদ্ধ, সরকারের কার্যকলাপ, কম্পিউটার হ্যাকিং, কম্পিউটার ডাটা ও স্টোরেজ ডিভাইসের অস্বীকৃত অ্যাকসেস, কম্পিউটার ক্র্যাশ, নিরাপত্তা ও সুরক্ষা ভঙ্গ প্রভৃতি।

এই নিয়ম ও শর্তাবলির অধীনে এর কোনো দায় প্রদর্শনে ব্যর্থ হলে RPSL দায়ী থাকবে না যদি সেই পারফরম্যান্সকে বাধা, ব্যাহত অথবা বিলম্ব করানো হয় ফোর্স মেজেউর ইভেন্ট দ্বারা এবং এরকম ক্ষেত্রে এর দায় স্থগিত থাকবে যতদিন ফোর্স মেজেউর ইভেন্ট চলতে থাকে।

12. **অ্যাকাউন্টের এক্সপায়ারি (মেয়াদ উত্তীর্ণ)**

জিও মানি 12 মাস বৈধ থাকবে (i) ইস্যু/অ্যাক্টিভেশনের তারিখ থেকে ; অথবা (ii) গ্রাহক দ্বারা শেষ অর্থনৈতিক লেনদেন, যেটা পরে হয়েছে। জিও মানি ওয়ালেটে অব্যবহৃত যে কোনো ব্যালান্স মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর থেকে গেলে সেটিকে বাজেয়াপ্ত বিবেচনা করা হবে, RPSL -এর ক্ষমতাবলে। এরকম ক্ষেত্রে জিও মানি অ্যাকাউন্ট বাতিল ও ব্যালান্স বাজেয়াপ্ত করার আগে RPSL গ্রাহককে 30 দিনের নোটিশ দেবে RBI নির্দেশিকা অনুযায়ী।

গ্রাহকের মৃত্যু ঘটলে, আইনি উত্তরাধিকারী RPSL -এর নীতি মানতে বাধ্য থাকবেন। RPSL -এর নীতি অনুযায়ী আইনি উত্তরাধিকারীর দাবির প্রক্রিয়াকরণের জন্য আইনি উত্তরাধিকারীকে RPSL দ্বারা অনুরোধ করা হয়েছে এমন সমস্ত জরুরি তথ্যপাতি জমা দিতে হবে RPSL -এর কাছে।

13. **পরিষেবার গুণমান**

গ্রাহক সম্মতি দেয় যে ব্যবসা প্রতিষ্ঠান দ্বারা কোনো প্রডাক্টের ডেলিভারি না হওয়া অথবা কোনো সার্ভিসের পারফরম্যান্স না হওয়ার জন্য RPSL দায়ী নয়। RPSL এর নীতি অনুযায়ী উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবে সমস্ত পক্ষের কাছে পারফরম্যান্স না হওয়ার কারণ খুঁজতে। RPSL দ্বারা এরকম তদন্তের ফলাফল মানতে বাধ্য থাকবেন গ্রাহক। অভিযোগের জন্য এসকালেশন ম্যাট্রিক্স সহ রিড্রেসাল মেকানিজম অনুরোধক্রমে লভ্য হবে। কোনো আপত্তির ক্ষেত্রে আপনি যোগাযোগ করতে পারেন নোডাল অফিসারের সঙ্গে NodalOffice.JioMoney@ril.com-এ। এইসঙ্গে গ্রাহক ও ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে লেনদেন সংক্রান্ত বিষয়ে গ্রাহক ও ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে কোনো মতান্তর হলে RPSL কোনো পক্ষ হবে না।

14. **দায়ের সীমা**

কোনো ঘটনায় গ্রাহকের প্রতি আমাদের সম্মিলিত দায় গ্রাহকের সার্ভিস ব্যবহারে উদ্ভূত কোনো এবং সব দাবি, যে যে ধরনেরই হোক না কেন, সেটা বিতর্কের অধীনে লেনদেনের মূল্যের চেয়ে বেশি হবে না। কোনো ঘটনায় RPSL দায়ী থাকবে না গ্রাহকের প্রতি (অথবা গ্রাহকের অধীনে বা মাধ্যমে কোনো তৃতীয় পক্ষের দাবি) কোনো পরোক্ষ, বিশেষ, ঘটনামূলক, আনুষঙ্গিক বা উদাহরণমূলক ক্ষতির যা সার্ভিস ব্যবহার বা ব্যবহারে গ্রাহকের অক্ষমতার ফলে উদ্ভূত। এই বর্জন প্রযোজ্য হবে যে কোনো লাভের ক্ষতি, হারানো উপাত্ত, সুনামের ক্ষতি, কাজ বন্ধ, কম্পিউটার ব্যর্থ অথবা অসাধু কার্য, অন্য কোনো বাণিজ্যিক ত্রুটি অথবা ক্ষতি দাবিতে, এমনকি RPSL যদি জানে অথবা এমন কোনো সম্ভাব্য ত্রুটি সম্পর্কে যদি RPSL আগেই জেনে থাকে।

15. **স্পষ্টীকরণ**

কোনো নোটিশ ছাড়াই অথবা নোটিশ দিয়ে যে কোনো কারণে সার্ভিস, ওয়েবসাইট এবং/অথবা মোবাইলের অ্যাপের অপারেশন স্থগিত বা বন্ধ করে দিতে পারে RPSL। ওয়েবসাইট এবং/অথবা মোবাইল অ্যাপের কনটেন্ট পরিবর্তন করার অধিকার আছে RPSL-এর, এবং/অথবা ওয়েবসাইট এবং/অথবা মোবাইলে অ্যাপে যে প্রডাক্ট বা সার্ভিস অফার করছে তা স্থগিত বা পরিবর্তন করার অধিকার আছে RPSL-এর। গ্রাহক সম্মতি দিচ্ছে যে গ্রাহক ওয়েবসাইট এবং/অথবা মোবাইল অ্যাপ ব্যবহার করবে গ্রাহকের নিজের দায়িত্বে এবং এবিষয়ে কোনো ক্ষতি বা ত্রুটি হলে RPSL দায়ী থাকবে না।

16. **গোপনতা নীতি**

গ্রাহকের থেকে যত তথ্য RPSL সংগ্রহ করেছে, যেমন রেজিস্ট্রেশন বিবরণ, হিতাধিকারী অ্যাকাউন্ট বিবরণ এবং ডেবিট/ক্রেডিট কার্ড তথ্য প্রভৃতি, সবই এর গোপনতা নীতি সাপেক্ষ। গ্রাহক সম্মতি দিচ্ছেন যে তিনি ওয়েবসাইটে প্রকাশিত RPSL-এর গোপনতা নীতি পড়েছেন এবং সবসময় এই সম্পর্কে আপডেট থাকেন।

17. **হস্তান্তর (অ্যাসাইনমেন্ট)**

RPSL-এর অধিকার আছে বর্তমান সবকিছু কোনো তৃতীয় পক্ষ যার অন্তর্গত এর হোল্ডিং কোম্পানি, সহায়ক, সংশ্লিষ্ট সংস্থা, অ্যাসোসিয়েট ও গ্রুপ কোম্পানিকে অ্যাসাইন/হস্তান্তর করার। এইসঙ্গে এখানে RPSL ও গ্রাহক এই নিয়ম ও শর্তাবলিতে সম্মত হয়েছে যে এটা RPSL-এর কোনো সংশ্লিষ্ট সংস্থা, হোল্ডিং কোম্পানি, সহায়ক, অ্যাসোসিয়েট এবং/অথবা RPSL অথবা রিলায়েন্স ইন্ডাস্ট্রি লিমিটেডের গ্রুপ কোম্পানিতে দিতে পারে যার একটি পেমেন্ট ব্যাংক লাইসেন্স আছে এবং আছে অর্ধ-বন্ধ প্রিপেড ইনস্ট্রুমেন্ট ইস্যু করার একটি লাইসেন্স যা করা হয়েছে অথবা ইস্যু বা ট্রান্সফার করা হয়েছে RBI দ্বারা এবং গ্রাহক এতদ্বারা অপ্রত্যাহৃতভাবে এটিতে সম্মতি দিচ্ছে। উপরন্তু প্রযোজ্য আইন সাপেক্ষে এবং যেখানে RBI-এর পূর্ব সম্মতি সহ যেখানে প্রযোজ্য, জিও মানি ওয়ালেট এবং/অথবা জিও মানি অ্যাকাউন্ট অথবা এর কোনো অংশ RPSL দ্বারা দায়িত্ব দেওয়া অথবা হস্তান্তরিত করা হতে পারে কোনো ব্যক্তিকে RPSL-এর কোনো সংশ্লিষ্ট সংস্থা অথবা গ্রুপ কোম্পানিকে, এবং এতদ্বারা গ্রাহক অপ্রত্যাহৃতভাবে এতে সম্মতি দান করছে।

18. **আইনি আশ্রয়**

এই নিয়ম ও শর্তাবলি পরিচালিত এবং তৈরি হয়েছে প্রজাতন্ত্রী ভারতের আইনের সঙ্গে সংগতি রেখে যেখানে আইনের কোনো নীতিতে প্রভাব পড়েনি বা সংঘর্ষ হয়নি। জিও মানি সার্ভিস ব্যবহার থেকে উদ্ভূত যে কোনো বিতর্ক সমাধানের একমাত্র দায়িত্ব রয়েছে মুম্বাইয়ের আদালতগুলির আওতায়। গ্রাহকরা সম্মতি দিচ্ছে উল্লেখিত আদালতগুলির ব্যক্তিগত আইনি প্রক্রিয়ায় এবং ফোরাম বা অন্য কোনো ভিত্তিতে এরকম ব্যক্তিগত আইনি প্রক্রিয়ায় কোনো আপত্তি উড়িয়ে দিচ্ছে।

19. **মেয়াদ ও কর্তন**

গ্রাহক সম্মতি দিচ্ছে যে এসব নিয়ম ও শর্ত ততক্ষণই কার্যকরী যতক্ষণ না RPSL দ্বারা কর্তন করা হচ্ছে এবং RPSL-এর এই অধিকার আছে এসব নিয়ম ও শর্তকে বর্জন করার। RPSL দ্বারা যে সার্ভিসের ব্যবস্থা করা হয়েছে তার কোনো অংশ সরিয়ে নেওয়ার, পরিবর্তন, স্থগিত বা বন্ধ করার অধিকার আছে RPSL -এর। বিভিন্ন কারণে গ্রাহকের সদস্যপদ এবং গ্রাহকের অ্যাকাউন্টের সমস্ত কনটেন্ট কর্তন ও সরিয়ে দেওয়ার অধিকার আছে RPSL -এর, তবে এই কারণ সীমাবদ্ধ নয় : কোনো সরকারি নীতি বা প্রযোজ্য আইন লঙ্ঘন করা শুধুমাত্র এসব বিষয়ে।